“যে বিষয়ে তোমার সন্দেহ হয়, তা ছেড়ে দিয়ে যাতে সন্দেহের সম্ভাবনা নেই তা গ্রহণ কর। যেহেতু, সত্য হলো শান্তি ও স্বস্তি এবং মিথ্যা হলো দ্বিধা-সন্দেহ”।

আবুল হাওরা সাদী থেকে বর্ণিত। তিনি বলেন, আমি হাসান ইব্ন আলী রাদিয়াল্লাহু আনহুমার নিকট জিজ্ঞাসা করলাম, আপনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে কোন
কথা স্মরণ রেখেছেন? তিনি বললেনঃ আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম থেকে স্মরণ রেখেছি: “যে বিষয়ে তোমার সন্দেহ হয়, তা ছেড়ে দিয়ে যাতে সন্দেহের
সম্ভাবনা নেই তা গ্রহণ কর। যেহেতু, সত্য হলো শান্তি ও স্বস্তি এবং মিথ্যা হলো দ্বিধা-সন্দেহ”।
[সহীহ] [এটি তিরিমিযী,নাসাঈ ও আহমাদ বর্ণনা করেছেন।]

যে সব কথা এ কাজ নিষিদ্ধ কি নিষিদ্ধ না হারাম নাকি হালাল এ বিষয়ে সংশয় রয়েছে সে গুলো ছেড়ে এমন সব কাজ কর্ম করার নির্দেশ নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়া সাল্লাম দিয়েছেন যে গুলো ভালো ও হালাল হওয়া নিশ্চিত। কারণ হৃদয় তার প্রতি শান্ত হয় এবং তৃপ্তি অনুভব করে। আর যাতে সন্দেহ থাকে তার কারণে হৃদয় অস্থীর ও বিরক্ত হয়।

http://sunnah.global/hadeeth/bn/show/4564